গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯
www.btv.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মাঠ পর্যায়ের কার্যালয়ের (ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্র) **৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ ২০২৪)** এর বাস্তবায়ন অগ্রগতির উপর ফিডব্যাক প্রদান সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আফছানা বিলকিস<br>পরিচালক (প্রশাসন) |
| তারিখ | : | ২৫.০৪.২০২৪ |
| সময় | : | বেলা ১২:০০ টা |
| স্থান | : | সদর দপ্তর ভবনের সভাকক্ষ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতি উপস্থিত কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন যে, সুশাসন প্রতিষ্ঠায় আমাদের সবাইকে সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে দাপ্তরিক কার্যসম্পাদন করতে হবে। মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে শুদ্ধাচার কর্মপরিকল্পনায় প্রান্তিক ভিত্তিতে লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কর্মসম্পাদনের নির্দেশনা প্রদান করা হয়। মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪-এর ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ ২০২৪) এর দাখিলকৃত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) চট্টগ্রাম কেন্দ্র কর্তৃক তৃতীয় প্রান্তিকের নৈতিকতা কমিটির সভা ২৭.০৩.২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। শুদ্ধাচার মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ অনুযায়ী প্রতি প্রান্তিকের প্রথম মাসেই সভা আয়োজন করতে হবে এবং প্রতিবেদনসমূহ নৈতিকতা কমিটির সভায় অনুমোদিত হতে হবে। এ লক্ষ্যে শুদ্ধাচার মূল্যায়ন নির্দেশিকা অনুসরণে নৈতিকতা কমিটির সভা আয়োজন করে ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করতে হবে;

খ) শুদ্ধাচার মূল্যায়ন নির্দেশিকা অনুসরণে অংশীজন সভা আয়োজন করতে হবে;

গ) চট্টগ্রাম কেন্দ্রের প্রশিক্ষণের ছবি ও মডিউল প্রদান করা হয়নি। আগামী ১৫.০৫.২০২৪ তারিখের মধ্যে প্রশিক্ষণের ছবি ও মডিউল প্রদান করতে হবে; এবং

ঘ) ৪র্থ প্রান্তিক (এপ্রিল-জুন, ২০২৪) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কর্মসম্পাদন করতে হবে।

০২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:/-
আফছানা বিলকিস
পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫১৩২২২৬ (অফিস)

নং-১৫.৫৪.০০০০.০২১.০৫.১৯১.২১ • ৩১১৩১/১ (৬)

তারিখ: ১৮ বৈশাখ ১৪৩১ / ০১ মে ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র
০২। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-
০১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা।
০২। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা।
০৩। কার্যালয় নথি।

০১.০৫.২০২৪
(মোঃ নাজিম উদ্দিন)
সহকারী পরিচালক (প্রশাসন)